বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
শর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৫.২৩.১৩৫ তারিখ: ২৩ ডিসেম্বর ২০২৫ খ্রি.

সার্টিফিকেট ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড (CMU) কোর্স এ

# ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অনুমোদনপ্রাপ্ত সার্টিফিকেট ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড (CMU) (৬ মাস মেয়াদি) শিক্ষাক্রম (কারিকুলাম কোড: ৩৮) পরিচালনাকারী প্রতিষ্ঠানে জানুয়ারি-জুন, ২০২৬ সেশনে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

## ০১. শিক্ষাক্রম পরিচিতি:

১.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ এর তফসিলভুক্ত এ শিক্ষাক্রমের নাম 'সার্টিফিকেট ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড (CMU)'

১.২ এ শিক্ষাক্রমে কোর্সের মেয়াদ হবে ৬ (ছয়) মাস।

১.৩ এ কোর্স প্রতি বছর জানুয়ারি-জুন ও জুলাই-ডিসেম্বর সেশনে পরিচালিত হবে।

১.৪ জানুয়ারি-জুন, ২০২৬ সেশনের ক্লাশ শুরু হবে ১৮ জানুয়ারি ২০২৬ খ্রি. রোজ রবিবার।

১.৫ এ কোর্সের বাস্তবায়ন কাল হবে ১৬-১৮ কার্য সপ্তাহ। প্রতি কার্য সপ্তাহে ২৪-৩০ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে। এক পিরিয়ড ক্লাসের সময়কাল হবে ৫০ মিনিট। প্রতিটি তাত্ত্বিক ক্লাস হবে ০১ পিরিয়ড ও প্রতিটি ব্যবহারিক ক্লাস হবে ০৩ পিরিয়ড।

১.৬ সার্টিফিকেট ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড (CMU) (৬ মাস মেয়াদি) শিক্ষাক্রমের প্রবিধান ২০২৬ মোতাবেক ক্লাস রুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে এবং উক্ত রুটিনের এক কপি ক্লাস শুরুর ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ই-মেইলে প্রেরণ করতে হবে (shortcourse128.bteb@gmail.com). ক্লাস রুটিনে শিক্ষকদের নাম, মোবাইল নম্বর, শ্রেণি কক্ষ নম্বর, ল্যাবের নাম ও শিক্ষার্থীর সেকশন উল্লেখ করতে হবে।

## ০২. ভর্তি সংক্রান্ত তথ্য:

২.১ ভর্তি যোগ্যতা: এমবিবিএস/সমমান উত্তীর্ণ।

২.২ ভর্তির ক্ষেত্রে বয়স ও পাসের সন শিথিলযোগ্য।

২.৩ আসন সংখ্যা ড্রপ-আউটসহ সর্বোচ্চ ৫০ জন। ন্যূনতম ১০ জন শিক্ষার্থী না হলে নিবন্ধন করা যাবে না।

২.৪ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে যোগাযোগ করে ভর্তি বিষয়ে বিস্তারিত তথ্য জানা যাবে।

২.৫ বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের ওয়েবসাইটে দেখা যাবে।
লিংক: www.bteb.gov.bd ⇨ প্রতিষ্ঠানের তালিকা ⇨ সার্টিফিকেট ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড

২.৬ ১৭ জানুয়ারি ২০২৬ খ্রি. এর পূর্বে শিক্ষার্থীদের ভর্তি সম্পন্ন করতে হবে। তবে, বিশেষ পরিস্থিতি ব্যতিরেকে ভর্তির সময় বৃদ্ধি করা হবে না।

## ০৩. শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি:

৩.১ ২৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে শিক্ষার্থীদের অনলাইনে ডাটা এন্ট্রি করতে হবে।

৩.২ ই-সেবা প্লাটফর্ম (bteb.gov.bd ⇨ ই-সেবা ⇨ প্রতিষ্ঠান লগইন অথবা btebesheba.gov.bd ⇨ প্রতিষ্ঠান লগইন) এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশনসহ সকল কার্যক্রম সম্পাদন করতে হবে।

৩.৩ শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ৫০.০০ টাকা, পরীক্ষার ফি ৩০০.০০ টাকা, সনদপত্র ফি ১০০.০০ টাকা ও নম্বরপত্র ফি ৭৫.০০ টাকাসহ সর্বমোট ৫২৫.০০ টাকা ভর্তি ফি হিসেবে প্রদান করতে হবে।

৩.৪ এ কোর্সে নিবন্ধনের মেয়াদ হবে ০১ (এক) সেশন।

অব্যাহত------

৩.৫ কোন শিক্ষার্থী শিক্ষা কার্যক্রমের পরিপন্থি কোন কাজ করলে রেজিস্ট্রেশন স্থগিত/বাতিল করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংরক্ষণ করবে।

২৩.১২.২৫

(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: bteb.director@gmail.com

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৫.২৩.১৩৫ তারিখ: ২৩ ডিসেম্বর ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২. উপসচিব, (কারিগরি অধিশাখা-০৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৪. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৬. উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৭. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সংরক্ষণ নথি।

২৩/১২/২০২৫

(মোঃ মাছুম বিল্লাল সরদার)
কারিকুলাম বিশেষজ্ঞ (অঃ দাঃ)
মোবাঃ ০১৩২২৮৩০১০০
মেইল: shortcourse128.bteb@gmail.com